2 6 MAR 2016

আমাদের সময়

# নবাবগঞ্জে ছাত্র সমাজের প্রতিষ্ঠাবার্ষিকী পালিত

**নবাবগঞ্জ প্রতিনিধি ●**
ঢাকার নবাবগঞ্জ উপজেলায় জাতীয় পার্টির ছাত্র সংগঠন ছাত্র সমাজের ৩৩তম প্রতিষ্ঠাবার্ষিকী পালিত হয়েছে। গতকাল রোববার সকালে র‌্যালি ও আলোচনাসভা, কেক কাটার মধ্য দিয়ে সংগঠনের নেতাকর্মীরা এ কর্মসূচি পালন করেন।

সকালে নবাবগঞ্জ প্রেসক্লাব প্রাঙ্গণ থেকে একটি র‌্যালি বের হয়। পরে কায়কোবাদ চত্বর হয়ে দোহার-নবাবগঞ্জ কলেজ ঘুরে কেন্দ্রীয় শহীদ মিনার হয়ে বাগমারা কোর্ট বিল্ডিং প্রদক্ষিণ করে প্রেসক্লাবে এসে আলোচনাসভায় মিলিত হয়।

নবাবগঞ্জ উপজেলা ছাত্র সমাজের সভাপতি ইলিয়াস হোসেন মাহিন আলোচনাসভায় সভাপতিত্ব করেন। উপস্থিত ছিলেন নবাবগঞ্জ উপজেলা জাতীয় পার্টির নেতা এমএ মজিদ, যুব সংহতির সভাপতি আবুল হোসেন আজাদ, উপজেলা ছাত্র সমাজের সাধারণ সম্পাদক ইমতিয়াস মাসুদ, দোহার নবাবগঞ্জ কলেজ শাখার সভাপতি খলিল দেওয়ান, সাধারণ সম্পাদক পনির মণ্ডল, সাংগঠনিক সম্পাদক সাগর, মো. নাজমুল হোসেন, ইছামতি ডিগ্রি কলেজ শাখার সভাপতি মো. ইমরান হোসেন, সাধারণ সম্পাদক মো. মিরাজ, সাংগঠনিক সম্পাদক ইমরান আহমেদ প্রমুখ।